

ক্লাস-পরীক্ষা গ্রহণে আর বাধা না দিতে শিক্ষামন্ত্রীর আহ্বান ইউকে শিক্ষামেলা শুরু

■ ইত্তেফাক রিপোর্ট

শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেছেন, নতুন শিক্ষাবর্ষের শুরুতেই হরতাল-অবরোধে শিক্ষা ব্যবস্থা এবং শিক্ষার্থীদের মনে নেতিবাচক প্রভাব পড়েছে। এসএসসির মত গুরুত্বপূর্ণ পরীক্ষার সময়সূচি বারবার বদলাতে হচ্ছে। জাতীয়ভাবে আমরা ক্ষতিগ্রস্ত হচ্ছি। ক্লাস ও পরীক্ষা গ্রহণে আর কোনো বাধা না দিতে হরতাল-অবরোধকারীদের আহ্বান জানিয়েছেন তিনি।

* গতকাল সকালে রাজধানীর মোনারগাঁও হোটেলে ১৭তম ইউকে শিক্ষা মেলায় উদ্বোধনী অনুষ্ঠানে তিনি ঐ কথা বলেন। ব্রিটিশ কাউন্সিল বাংলাদেশ দুই দিনব্যাপী এ মেলার আয়োজন করেছে। আজ এ মেলার ঢাকা পর্বে দুপুর ১২টা থেকে সন্ধ্যা ৬টা পর্যন্ত প্রবেশ করা যাবে। ১৫ ফেব্রুয়ারি চট্টগ্রামের দি পেনিনসুলা ও ১৮ ফেব্রুয়ারি সিলেটের রোজ ডিউ হোটেলেও এ শিক্ষা মেলা অনুষ্ঠিত হবে।

প্রধান অতিথির বক্তব্যে শিক্ষামন্ত্রী বলেন, শিক্ষার্থীদের ক্লাস ও পরীক্ষায় বাধা সৃষ্টির মাধ্যমে দয়া করে তাদের ভবিষ্যৎ নষ্ট করবেন না। কারণ আজকে যারা শিক্ষার্থী আগামীদিনে তারাই দেশকে নেতৃত্ব দেবেন। এখন যদি তারা ভয়-আতঙ্কের মধ্যে বেড়ে ওঠে, তাহলে ভবিষ্যতে এর খেসারত দিতে হবে।

বিশেষ অতিথির বক্তব্যে বাংলাদেশে নিযুক্ত ব্রিটিশ হাই কমিশনার রবার্ট ডব্লিউ গিবসন বলেন, যুক্তরাজ্যের সংস্কৃতিতে বহুতত ও পৃথক মিলন ঘটেছে। উদার সামাজিক ও সাংস্কৃতিক পরিবেশের পাশাপাশি জ্ঞানার্জনের উপযুক্ত ব্যবস্থা রয়েছে। এ জন্যই বিশ্বের বিভিন্ন দেশ থেকে শিক্ষার্থীরা ভিড় জমান। অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন ব্রিটিশ কাউন্সিল বাংলাদেশের পরিচালক বার বার উইকহ্যান, মার্কেটিং ও কমিউনিকেশন প্রধান আশিয়া আজিজ।